ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৪৯
জিরানীয়া, ৫ আগস্ট, ২০২৫

**জিরানীয়ায় সহায়ক মূল্যে ধান কেনার সূচনা**
**কৃষকদের আর্থিক ভিত্তি সুদৃঢ় করা কেন্দ্র**
**ও রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য ঃ খাদ্যমন্ত্রী**

ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের মতো গুরুত্বপূর্ণ উদ্যোগ কৃষকদের মনে পুনরায় আস্থা ও আশার আলো জাগিয়েছে। এই উদ্যোগের ইতিবাচক প্রভাব ইতিমধ্যেই প্রতিফলিত হতে শুরু করেছে। আগে যে কৃষি জমিগুলো পতিত পরে থাকত সেই জমিতেও বর্তমানে কৃষকগণ চাষাবাদ করছেন। কৃষকদের মধ্যে কৃষি কাজের প্রতি আগ্রহ অনেকটাই বেড়েছে। আজ জিরানীয়ার মাধববাড়ি সরকারি খাদ্য গুদামে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির সূচনা করে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ সুরক্ষা দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী বলেন, নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর জনকল্যাণমূলক যেসব কর্মসূচি গ্রহণ করা হয়েছে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা তার মধ্যে অন্যতম। কৃষকদের আর্থিক ভিত্তি সুদৃঢ় করা কেন্দ্র ও রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। সহায়ক মূল্যে ধান ক্রয় করা শুধু একটি কর্মসূচিই নয়, এর মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি যেমন সম্ভব হবে তেমনি রাজ্যের কৃষিভিত্তিক অর্থনীতির ভিত আরও মজবুত হবে। তিনি বলেন, বিগত সরকারের সময়ে কৃষকদের জন্য এমন উল্লেখযোগ্য কোন কর্মসূচি গ্রহণ করা হয়নি। তাতে কৃষকগণ কৃষির প্রতি আগ্রহ হারিয়ে ফেলেছিলেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন খাদ্য দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ফনিভূষণ জমাতিয়া। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন জিরানীয়া মহকুমার মহকুমা শাসক অনিমেষ ধর। উপস্থিত ছিলেন খাদ্য দপ্তরের অধিকর্তা সুমিত লোধ, রানীর বাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক, রণজিৎ রায় চৌধুরী, পশ্চিম ত্রিপুরা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য পার্থ সারথী সাহা প্রমুখ।

*****